# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৩৫২ -এ, তারিখঃ- ০৯/০৯/২০২৬খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৩,০০০-৫৫,৪৭০/- টাকা বেতন স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার পদে পদোন্নতি প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১। | জনাব মোঃ সফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা | কোর্ট কীপার |

০২। তাঁর উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিসকালে তাঁর কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

০৩। এ পদোন্নতির আদেশ কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাঃ

(মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং ১ই-৪৩০/২০১৭/- ৮৩৬৭ - এ, তারিখঃ ০৯/০৯/২০২৬ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব (আপীল বিভাগ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ০৫ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. জনাব মোঃ সফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা [ অবিলম্বে পদোন্নতি প্রদানকৃত পদে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো] ।

(মোঃ আল-ইমরান খান)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮৬৮২৬